শ্রী শ্রী ব্রজানন্দ অষ্টোত্তর শতনাম

গীতমালা

প্রকাশক বুড়াশিব প্রকাশনা, শাহ্‌বাগ, ঢাকা।

ওঁ নমো ভগবতে শ্রী শ্রী ব্রজানন্দায় নমঃ

(সমর্পণ)

যাঁহার অহৈতুক মঙ্গল ইঙ্গিতে এই আকৃতি অধম সন্তানের পরম বস্তু- প্রত্যক্ষ ব্রহ্ম সচ্চিদানন্দ বিগ্রহ আরাধনায় "ব্রজানন্দ অষ্টোত্তর শতনাম গীতমালা" গাঁথনে সুমতি হইয়াছে ; সেই অহৈতুক কৃপা সিন্ধু, অশেষ কল্যাণ গুণোপেত ভগবান শ্রী শ্রী ব্রজানন্দের রাতুল চরণে তৎপ্রীত্যর্থে অর্পণ করিলাম। দয়াময় ! তুমি জান।

তোমার করুণা যদি
চাহিতে নাও জানি
তবু কৃপা করে মোরে
চরণে নিও গো টানি ।
জয় ব্রজানন্দ পরমানন্দ সচ্চিদানন্দ তুমি হে
তুমি প্রেমঘন সাধনার ধন, শিব সুন্দর তুমি হে
অহং নামে আত্মদেব, তুমি ব্রজানন্দ । ১
অন্তরাত্মা রূপে আত্মা, সচ্চিদানন্দ । ২
অনাদি নামেতে দেব সত্য সনাতন । ৩
আদিদেব নামে তুমি পুরুষ প্রধান । ৪
অসীম যেহেতু বেদে, দিতে নারে সীমা । ৫
অনন্ত বলিয়া বনে অন্ত না পাইয়া । ৬
অনিন্দ্য সুন্দর তুমি, প্রিয়দর্শন নাম । ৭
আনন্দ-মধুর নিত্য ভক্তিগুণ ধাম । ৮
অভয় নামেতে তুমি বরাভয় দাতা । ৯
অজ্ঞান নাশন গুরু বভার্ণব ত্রাতা । ১০
ইন্দু তুমি হৃদাকাশে, মানস বিহারী । ১১
ঈশ রূপে প্রকাশিত বহুরূপী হরি। ১২
উত্তম নামেতে তুমি উপাস্য সবার ১৩
উমাকন্ত নামে রাজ দেবের মাঝার। ১৪
ঊর্ধরূপী নিরাকার গুরু জ্ঞানামৃত। ১৫
ঋত সত্য পরব্রহ্ম ধ্যানারূপাচ্যুত। ১৬
একং নামে অদ্বিতীয় মঙ্গল বিতরি। ১৭
ঐ রূপে তুমি সে ব্রহ্ম, ব্রজানন্দ হরি। ১৮

ওঙ্কার প্রত্যক্ষ তুমি বেদ-অর্থ সার। ১৯
ওষধি ভিষজ স্বয়ং ভবের মাঝার। ২০
কর্ত্তা রূপে তুমি দেব, পরমেশ বিভু। ২১
কর্ম্মকৃত নামে তুমি সর্ব্ব কর্ম্ম প্রভু। ২২
কৃষ্ণরূপে-জীব চিত্ত কর গো কর্ষণ। ২৩
কানাইরূপেতে সদা কর আকর্ষণ। ২৪
কীর্তিমূর্তি লীলাদেহ তুমি ভব-মনু। ২৫
করুণার সিন্ধু তুমি ধৃত-নরতনু। ২৬
খগাসন তুমি দেব, বিষ্ণু মুর্তি ধারী। ২৭
গণেশ নামেতে তুমি কার্য্য সিদ্ধিকারী। ২৮
গুণাতীত হও তুমি, ওহে গুণনিধি। ২৯
গুরু নামে সর্ব্ব লোকে সেবে নিরবধি। ৩০
ঘটেশ্বর রূপে, তুমি পরমাত্মা বিভু। ৩১
ঙ নীলকণ্ঠ নামে বিশ্বেশ্বর প্রভু। ৩২
চিদানন্দ রূপে বেত্ত্বা বেদ্য পরাৎপর। ৩৩
চিন্ময় স্বরূপে আছ, ব্যাপ্ত চরাচর। ৩৪
ছেদক নামটি ধর ছেদিয়া সংশয়। ৩৫
জ্যোতিরূপে মূর্ত হও ব্যাপিয়া হৃদয়। ৩৬
জলরূপে গঙ্গা সঙ্গ পবিত্রীকরণে। ৩৭
ঝরণা প্রেমের স্রোত পাপী উদ্ধরণে। ৩৮
ঞ রূপেতে রাগ বুদ্ধি প্রণবে জুড়িয়া। ৩৯
টঙ্কারের লক্ষ্যভেদ ব্রহ্মেতে ভেদিয়া। ৪০
ঠাকুর রূপে মন্দিরে, ইন্দ্রিয় গোচর। ৪১
ডঙ্কাধর শঙ্কা হর, ভক্ত সবাকার। ৪২
ঢুলুঢুলুনেত্র প্রভু করুণাবতার। ৪৩
ণ- রূপেতে স্নেহময় বহাও জোয়ার। ৪৪
ত্রিসত্য নামেতে দেব তুমি অবশেষ। ৪৫
ত্রিদিবেশ নামে তুমি বরেণ্য বিশেষ। ৪৬
তত্ত্বসার নামে বস্তু একাদ্বয় জ্ঞান। ৪৭
ত্রিবিধ রূপেতে ব্রহ্ম আত্মা ভগবান। ৪৮
থানেশ্বর নামে তুমি স্বধামেতে ব্রজ। ৪৯
দয়াময় নামে তুমি কল্পতরু সাজ। ৫০
ধর্মপতি মহামতি, ধর্ম সংরক্ষণে। ৫১
ধীমন্ত স্বধর্ম যোগে জ্ঞানে ও বিজ্ঞানে। ৫২
নিত্যানন্দময় তুমি নিত্যোৎসবে মাতি। ৫৩
নিরঞ্জন সুরঞ্জন ভক্তত্রাণেব্রতী। ৫৪
পরম পুরুষ নামে সর্বত্র পূজিত। ৫৫
পুরুষ প্রধান রূপে তুমি সুবিদিত। ৫৬
পরমাত্মা রূপে তুমি যোগীশ্বর। ৫৭

পুরুষোত্তম নামেতে জগত ঈশ্বর। ৫৮
প্রেমঘন তুমি দেব প্রেমের মূরতি ! ৫৯
প্রজ্ঞাঘন তুমি দেব জ্ঞানানন্দ ধৃতি। ৬০
ফলহারী নাম তব কর্মফল হর। ৬১
বংশীধারী শ্রীগোবিন্দ ফলদান কর। ৬২
বিধিবেদ্য হরি হরি তারুণ্য কারুণ্য। ৬৩
ব্রজানন্দ গুরুব্রহ্ম বরেণ্য শরণ্য। ৬৪
ব্রহ্মণ্য দেব নামেতে ধর বেদ প্রকাশিয়া। ৬৫
বিষ্ণু নামে আছ তুমি সর্ব্বত্র ব্যাপিয়া। ৬৬
ভগবান নাম ধর ভক্তের কারণ। ৬৭
ভক্তপ্রাণ নাম ধর ভক্ত প্রাণধন। ৬৮
ভব তুমি ভবপতি অভবতা হর। ৬৯
ভবভয়হারী তুমি গুরুরূপ ধর। ৭০
মাল্যধর নামে তুমি তত্ত্বমালা ধারী। ৭১
মূলাধার রূপে মূলে অধিষ্ঠানকারী। ৭২
মানসবিহারী নামে মানসে বিহর। ৭৩
মহান পুরুষ তুমি জ্যোতির্ম্ময় পর। ৭৪
যোগেশ্বর নামে তুমি যোগে জেগে রও। ৭৫
রাধাশ্যাম রূপটি তব ভক্তেরে দেখাও। ৭৬
রাম নামে আত্মারাম স্বরূপে ভোলায়। ৭৭
রাজ রাজ রূপে সাজ হৃদয় দোলায়। ৭৮
লক্ষ্মীকান্ত নারায়ণ কে বুঝিবে লীলা ? ৭৯
লীলাময় তুমি দেব রক্ষিয়ে এ ইলা ॥ ৮০
বরাভয় কর করুণা সাগর
সদা মৃদু মৃদু হাস। ৮১
শরণ্য-বরেণ্য একান্ত কারুণ্য
দিব্যজ্ঞান পরকাশ। ৮২
শুভদ সুখদ তুমি, সর্ব্ব দুঃখহারী । ৮৩
শান্তিপ্রদ তুমি দেব ভক্তানন্দ কারী। ৮৪
শান্তিই স্বরূপ তব দিব্য ধাম বাসী। ৮৫
ষড়ভাবজিত তুমি হর তমোরাশি। ৮৬
শঙ্খ চক্রধারী তুমি, জ্যোতির কারণ ! ৮৭
শ্রীবিষ্ণু মূরতি তব ভক্ত আকিঞ্চন। ৮৮
সত্যরূপে বিরাজিছ ভুবন মণ্ডল । ৮৯
সচ্চিৎ - আনন্দ তুমি আনন্দ কেবল। ৯০
সর্ব্ব দেবময় নাম সর্ব্ববেদাশ্রয়। ৯১
সর্ব্বসিদ্ধিদাতা নাম পরম আশ্রয় । ৯২
সর্ব্ব শ্রী নামে তুমি যে শ্রীকান্ত । ৯৩
সর্ব্বধী নামে তুমি পুরুষ মহান্ত। ৯৪

স্বয়ংসিদ্ধ বাম তব শাশ্বত পুরাণ। ৯৫
সর্ব্বজ্ঞ নামেতে তুমি সাক্ষী বিদ্যমান। ৯৬
সুমধুর হাস নাম ফুটাও কমল । ৯৭
সুন্দর মধুর রূপ প্রকাশ কেবল । ৯৮
স্বনামী আপন নামে আপনে মগন। ৯৯
সোহং ও শিবোহং জীব শিক্ষার কারণ। ১০০
হরিহর রূপে এক অদ্বৈত আনন্দ। ১০১
হরিহরাত্মণ রূপে স্বয়ং ব্রজানন্দ। ১০২
হংসবর হংসী সনে নিয়ত বিহর। ১০৩
হংসরাজ পর হংস তুমি ব্রজানন্দ । ১০৪
হৃষীকেশ নামে দেব হৃদয় ঈশ্বর।
অনুরাগ ফল্গু লহ ভূবন সুন্দর। ১০৫
হৃদয়রঞ্জন তুমি হৃদয় রতন । ১০৬
হৃদয় দোলায় দোল হেরি অনুক্ষণ । ১০৭
হৃদয়েশ্বর নামেতে রসামৃত কান্তি ।
মাভৈঃ আশীষ বরিষ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ। ১০৮
গুরু ধামে বুড়াশিব রাজে ভগবান !
উভ বঙ্গে ব্রজানন্দ সর্বদা সমান।

ফলশ্রুতি

অসংখ্য অসংখ্য নাম অসংখ্য মহিমা।
গীর্বাণ গণেশ যাঁহার নাহি পান সীমা।।
অষ্টোত্তর শতনাম সংক্ষেপত সার ।
চিত্ত আর্ত্ত করে দেব সকাশে তোমার।।
এই অষ্টোত্তর শতে যেই স্তব করে।
ব্রজরাজ প্রসন্নয়ে চতুর্ব্বর্গ ধরে।।
অজস্র অমিয় সুধা বাঞ্ছা পুরে সদা ।
অপ্রাপ্য অভাব সব সকলি পূরণ
-ইতি অষ্টোত্তর শতনাম গীতমালা –
ওঁ শ্রীশ্রীব্রজানন্দার্পণমস্তু ।।